

স্বাধীনতার ঘোষণা এবং জিয়াউর রহমান সম্পর্কে কে এম শফিউল্লাহ

স্বাধীনতা যুদ্ধের এস ফোর্সের অধিনায়ক ও ৩নং সেক্টর কমান্ডার মেজর জেনারেল (অব.) কে এম শফিউল্লাহ বলেন, ২৫ মার্চ রাতে ইপিআর ম্যাসেজ মারফত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে স্বাধীনতার ঘোষণাটি দিয়েছিলেন তিনি তা নিজের কানে শোনেননি। তবে পাকিস্তানি সেনা কর্মকর্তা সিদ্দিক সালিক তার ‘উইটনেস টু সারেন্ডার’ গ্রন্থে এরকম একটি বেতার ঘোষণার কথা বলেন, সুতরাং এই তথ্যকে একেবারে উড়িয়ে দেয়া যায় না। আর ২৭ মার্চের আগে জিয়াউর রহমানের বেতার ঘোষণার কথা বিএনপি তথা জোট সরকারের বিকৃত মিথ্যাচার ছাড়া আর কিছু নয়। কারণ, ওই সময় জিয়া ছিলেন ৮নং ইস্টবেঙ্গল রেজিমেন্টের সেকেন্ড ইন কমান্ড। তিনি এমভি সোয়াত জাহাজ থেকে পাকিস্তানের অস্ত্র খালাসের জন্য রওনা হয়েছিলেন। চৌধুরী খালেকুজ্জামান তাকে ফিরিয়ে আনেন। যে লোক পাকিস্তানের অস্ত্র খালাসে তখন প্রস্তুত সে কিভাবে ওই সময়েই বাংলাদেশের অস্থায়ী রাষ্ট্রপতি হিসেবে নিজেকে ঘোষণা করবে।